দৈনিক
জনকণ্ঠ

তারিখ ..28 NOV 2016...
পৃষ্ঠা ..... কলাম .....

জাতীয় বিশ্ববিদ্যালয়

# পরীক্ষার ফলে বিভ্রান্তি ॥ দুঃখ প্রকাশ

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** ২০১৪ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষার প্রকাশিত ফলাফলে অনিচ্ছাকৃত ত্রুটির জন্য দুঃখ প্রকাশ করেছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। প্রযুক্তিগত ত্রুটির কারণে এ বিভ্রান্তিতে ৯ হাজার পরীক্ষার্থীর ফলাফলে ত্রুটি হয়েছে। এ নিয়ে শিক্ষার্থীদের মধ্যে অসন্তোষ ও ক্ষোভ দেখা দিলে ২৪ নবেম্বর ওই ফল সংশোধন করা হয়েছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ ঘটনা তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান জানান, সম্প্রতি এক পরীক্ষার্থী তার ফলাফল যাচাই করতে জাতীয় বিশ্ববিদ্যালয়ে এলে ত্রুটি ধরা পড়ে। ২৭ সেপ্টেম্বর ওই পরীক্ষার প্রকাশিত ফলাফলে কিছু পরীক্ষার্থীর নম্বর বেড়ে যায় আবার কিছু শিক্ষার্থীর ক্ষেত্রে তা কমে গেছে, যা নজরে আসার পর সংশোধনের উদ্যোগ নেয়া হয়।

## মাস্টার্স পরীক্ষার আবেদন ফরম পূরণ শুরু

স্টাফ রিপোর্টার, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের (নিয়মিত) এবং ২০১৪ সালের (অনিয়মিত ও মানোন্নয়ন) এমএ/এমএসএস/এমবিএ/এম মিউজ শেষপর্ব (আইসিটিসহ) পরীক্ষার আবেদন ফরম পূরণ ২৭ নবেম্বর থেকে শুরু হয়েছে এবং তা আগামী ১৫ ডিসেম্বর পর্যন্ত চলবে।